

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- এসএসসি/এইচএসসি/ভোক/প্রজেক্ট/১৫৭০/২০০৫/৮৭২

তারিখ : ২৮/০৬/২০১৬ খ্রিঃ

বিষয় : পঞ্চগড় টেকনিক্যাল স্কুল ও কলেজের জীপ গাড়ীটি মেরামতের জন্য বগুড়া প্রেরণের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : পঞ্চগড় টেকনিক্যাল স্কুল ও কলেজের স্মারক নং-৩৭.০৩.৭৭০০.০০০.২৬.০৭৬.১৪.৪৪৩ তারিখ: ৩০/০৫/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, উক্ত প্রতিষ্ঠানের পুরাতন জীপ গাড়ীটি (ঢাকা মেট্রো-১১০৫১১) স্থানীয়ভাবে মেরামতের মাধ্যমে কোন রকমে সচল রেখে প্রতিষ্ঠানের ড্রাইভিং কোর্সের একটি ব্যাচ পরিচালনা করা হয়। বর্তমানে গাড়ীটি সম্পূর্ণ অচলাবস্থায় রয়েছে এবং জ্বালানী ব্যয় অত্যধিক হওয়ায় গাড়ীটির মাধ্যমে ড্রাইভিং কোর্স চালু রাখাও অর্থনৈতিকভাবে অসম্ভব হয়ে পড়েছে। সে প্রেক্ষিতে বর্ণিত গাড়ীটির কার্বুরেটর, মিটার প্রভৃতি মেরামতসহ ডেন্টিং ও কালার কোড ভিত্তিক পেইন্টিং এর জন্য পঞ্চগড়ে কোন ব্যবস্থা না থাকায় বগুড়ায় নেয়া প্রয়োজন বলে অধ্যক্ষের পত্রে উল্লেখ করা হয়।

এমতাবস্থায়, উক্ত মেরামত কাজের সুবিধার লক্ষ্যে বগুড়ায় প্রেরণ করার নিমিত্ত নির্দেশক্রমে অনুমতি প্রদান করা হলো।

(বি. এম. আমিনুল ইসলাম)
সহকারী পরিচালক

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক : অধ্যক্ষ
পঞ্চগড় টেকনিক্যাল স্কুল ও কলেজ
পঞ্চগড়।

অনুলিপি :

০১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।